

20 মে, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমাদের শিক্ষার্থীদের ফল-এ (হেমন্তকালে) স্কুলে ফিরে যেতে যে অব্যাহত সম্পৃক্ততা এবং অ্যাকাডেমিক সহায়তা প্রয়োজন তা নিশ্চিত করতে, এই সপ্তাহের শুরুতে, আমরা সামার শিক্ষা বিষয়ে আমাদের পরিকল্পনা ঘোষণা করেছি। DOE কমিউনিটির কাছ থেকে পাওয়া মতামতের ভিত্তিতে, সামার ক্যালেন্ডারে একটি আপডেট সম্পর্কে আপনাকে অবহিত করতে আমরা আজ লিখছি।

এলিমেন্টারি এবং মিডল স্কুল শিক্ষার্থী যাদের সামার স্কুলে অংশগ্রহণ বাধ্যতামূলক অথবা সুপারিশ করা হয়েছে, সেই প্রোগ্রাম এক সপ্তাহ আগে শুরু হবে এবং চলবে সোমবার, 6 জুলাই – মঙ্গলবার, 11 অগাস্ট পর্যন্ত। প্রোগ্রামের সময়সীমা অথবা কাঠামোতে কোনো পরিবর্তন নেই।

হাই স্কুল শিক্ষার্থীরা যারা সামার স্কুলে অংশগ্রহণ করছে, তাদের কোর্সগুলোও এক সপ্তাহ আগে শুরু হবে এবং চলবে সোমবার, 6 জুলাই – শুক্রবার, 14 অগাস্ট পর্যন্ত। এই প্রোগ্রামের সময়সীমা অথবা কাঠামোতেও কোনো পরিবর্তন নেই।

12-মাসব্যাপী ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিস প্ল্যান (IEP) সার্ভিসের শিক্ষার্থীদের জন্যে, ক্যালেন্ডারে কোনো পরিবর্তন হবে না। আমাদের শিক্ষকগণ বুধবার, 1 জুলাই শুরু করবেন এবং শিক্ষার্থীরা বৃহস্পতিবার, 2 জুলাই-বৃহস্পতিবার, 13 অগাস্ট পর্যন্ত অংশগ্রহণ করবে বলে প্রত্যাশিত।

এই পরিবর্তনগুলো সকল শিক্ষার্থীদের শেখা ত্বরান্বিত করতে সহায়তা করবে। সামার স্কুল আগে শুরু করায়—নিয়মিত স্কুল বছর শেষ হবার কাছাকাছি সময়ে—শিক্ষার্থীদের অব্যাহত শিক্ষার সুযোগ দেয়। প্রোগ্রাম আগে শেষ করায় আপনার পরিবার অগাস্ট মাসে অব্যাহতভাবে অতিরিক্ত সময় বিশ্রাম নেয়ার সুযোগ পাবে।

এই সঙ্কটে তাৎক্ষণিকভাবে খাপ খাইয়ে নেয়ায় আপনার অব্যাহত ধৈর্য ও নমনীয়তায় আমরা কৃতজ্ঞ। আপনার সন্তানের স্বাস্থ্য, সুরক্ষা, এবং অব্যাহত অ্যাকাডেমিক সফলতার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছু নেই: এই গুরুত্বপূর্ণ যাত্রায় আপনার অংশীদারিত্বের জন্য পূর্বের যেকোনো সময়ের চেয়ে আপনাকে বেশি ধন্যবাদ জানাচ্ছি।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন